

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৮৮

খোয়াই, ২০ সেপ্টেম্বর, ২০২৪

খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে মানুষের চলাচলের উপর বিধিনিষেধ জারি

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে খোয়াই জেলার অন্তর্গত খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় রাত ৮টা থেকে পরেরদিন সকাল ৫টা পর্যন্ত সময়ে জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই আদেশ আগামী ২৬ সেপ্টেম্বর, ২০২৪ থেকে কার্যকর হবে এবং তা আগামী ২৪ নভেম্বর, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। বিএনএসএস, ২০২৩ এর ১৬৩নং ধারা অনুযায়ী খোয়াই জেলার জেলাশাসক এই আদেশ জারি করেছেন। তবে আইন শৃঙ্খলা বক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক বাহিনী, রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, জেলা পুলিশ সুপার এবং খোয়াই মহকুমার মহকুমা শাসক প্রদত্ত বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এবং অবিলম্বে চিকিৎসার প্রয়োজন এমন ব্যক্তিগণ এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে বিএনএসএস ২০২৩ এর ১৬৩নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে খোয়াই জেলাশাসক কার্যালয় থেকে জানানো হয়েছে।
